

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
www.caab.gov.bd

‘ব্যক্তি ভিত্তিক পরামর্শ নিয়োগ বিজ্ঞপ্তি’


নং-৩০.৩১.০০০০.৩০৪.০০১.০৫.২৩/১১

তারিখ: ০১/১১/২০২৩ খ্রিঃ।

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ২০২২-২০২৩ আর্থিক সালের জিপিএফ, পেনশন ও বেনাভোলেন্ট ফান্ড খাতের বার্ষিক হিসাব পৃথক পৃথকভাবে প্রনয়ণসহ নিরীক্ষা কাজ সম্পাদনে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নিবন্ধনকৃত অভিজ্ঞ চার্টার্ড একাউন্ট্যান্টকে তাঁর এর জীবন বৃত্তান্ত (যোগ্যতা ও অভিজ্ঞতা সহ)/ চার্টার্ড একাউন্টেন্ট ফর্ম এর নিম্নে বর্ণিত তথ্যাদি জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০১.	কাজের নাম	:	ক) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ২০২২-২০২৩ আর্থিক সালের জিপিএফ, পেনশন ও বেনাভোলেন্ট ফান্ড খাতের বার্ষিক হিসাব পৃথক পৃথকভাবে নিরীক্ষাকরণের নিমিত্ত সিএ ফর্ম এর তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে। খ) কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণের জিপিএফ খাতের প্রত্যেকের জমার উপর দৈনিক ভিত্তিক সুদ নিরূপন, প্রত্যেকের নিরূপিত সুদ লেজারে পোষ্টিংকরণ এবং পূর্বের লেজার এর হিসাব নতুন বহিতে লিপিবদ্ধকরণ এবং কর্মকর্তা/ কর্মচারীদের অনুকূলে প্রায় ৭,০০০/- (সাত হাজার) জিপিএফ এর ট্রিপ তৈরীসহ জিপিএফ অগ্রিম ও অগ্রিমের উপর সুদসহ প্রত্যেকের হিসাবে আলাদা ভাবে প্রতিবেদন তৈরীকরণ ও নিরীক্ষা কাজ।
০২.	তহবিল উৎস	:	সিএএবি'র নিজস্ব তহবিল।
০৩.	তালিকা ভুক্তির আগ্রহ ব্যক্ত করণের বিজ্ঞপ্তি আহবানের সূত্র ও তাং	:	৩০.৩১.০০০০.৩০৪.০০১.০৫.২৩ তারিখ: ৩১/১০/২০২৩ খ্রিঃ
০৪.	পদ্ধতি	:	পরামর্শকের যোগ্যতা ভিত্তিক নিয়োগ পদ্ধতি
০৫.	বায়নার টাকার পরিমাণ	:	প্রযোজ্য নহে
০৬.	আবেদনকারীর যোগ্যতা	:	<ul style="list-style-type: none"> Institute of Chartered Accountant of Bangladesh (ICAB) তে নিবন্ধিত চার্টার্ড একাউন্ট্যান্ট/ চার্টার্ড একাউন্ট্যান্ট ফর্ম, যাদের বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর, হালনাগাদ আয়করের প্রত্যয়ন, ভ্যাট নিবন্ধন নম্বর, জিপিএফ, পেনশন ও বেনাভোলেন্ট ফান্ড এর হিসাব প্রস্তুত ও নিরীক্ষাকরণ কাজের অভিজ্ঞতার প্রমাণক থাকতে হবে। অভিজ্ঞতার প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক জিপিএফ, পেনশন ও বেনাভোলেন্ট ফান্ড এর হিসাব প্রস্তুতসহ নিরীক্ষার কাজ সম্পাদনের স্বপক্ষে প্রমাণক/সনদ সংযুক্ত করতে হবে এবং সি/এ ফর্মের প্রোফাইলে সংযুক্ত করতে হবে।
০৭.	কাজ সমাপ্তির সময়	:	চুক্তিপত্র সম্পাদনের তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা করতে হবে।
০৮.	আবেদন গ্রহণের স্থান/দপ্তর	:	পরিচালক(অর্থ) সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৯.	আবেদন খোলার স্থান/দপ্তর	:	পরিচালক(অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১০.	আবেদন দাখিলের শেষ তারিখ ও সময়	:	২২/১১/২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত।

১১.	আবেদন খোলার তারিখ ও সময়	:	২২/১১/২০২৩ তারিখ বেলা ১২.৩০ ঘটিকা (দরপত্র দাতাগণ অথবা তাদের প্রতিনিধি যদি কেহ উপস্থিত থাকেন)।
১২.	যে সকল কারণে আবেদন বাতিল হবে	:	ICAB-তে নিবন্ধিত চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম, যাদের বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বরসহ হালনাগাদ আয়কর প্রত্যয়ন, ভ্যাট নিবন্ধন নম্বর, জিপিএফ, পেনশন ও বেনাভোলেন্ট ফান্ড এর হিসাব প্রস্তুত ও নিরীক্ষাকরণ কাজের অভিজ্ঞতার সমুদয় প্রত্যয়ণ/প্রমানক সি/এ ফার্মের প্রোফাইলে সংযুক্ত না থাকলে। সি/এ ফার্ম কর্তৃক বর্ণিত সমুদয় কাজের আর্থিক প্রস্তাবের সাথে ভ্যাট ও আয়কর অন্তর্ভুক্ত করে প্রোফাইলে সংযুক্ত করে না থাকলে।
১৩.	বিশেষ শর্তাবলী	:	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১৪.	বিশেষ নির্দেশনাবলী	:	১) জিপিএফ, পেনশন ও বেনাভোলেন্ট ফান্ড এর বিগত বছরের বার্ষিক হিসাবসহ নিরীক্ষাকরণ কাজের প্রতিবেদন ও কাজের Volume এবং চুক্তিপত্রের শর্তাবলী জানার জন্য সরেজমিনে পরিদর্শন করার নিমিত্ত আগামী ২২/১১/২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে যোগাযোগ/পরিদর্শন করা যেতে পারে। ২) প্রাপ্ত আবেদন সমূহ মূল্যায়নের পর পিপিআর-২০০৮ অনুযায়ী সিএ ফার্মসমূহের একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করা হবে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত তালিকা অনুমোদনের পর তালিকাভুক্ত ফার্মসমূহের অনুকূলে কারিগরি ও আর্থিক প্রস্তাব দাখিলের জন্য RFP (Request for Proposal) সরবরাহ করা হবে।


 ০১-১১-২০২৬
 (মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)

পরিচালক(অর্থ)

সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

ফোনঃ ৮৯০১৪২১

বিতরণ (কার্যার্থে)-

০১। পরিচালক(সিএনএস) সিএএবি, সদর দপ্তর, ঢাকা(বেবিচ কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০২। সিএএবি, সদর দপ্তর, ঢাকা এর নোটিশ বোর্ড।

অনুলিপিঃ

০১। সদস্য (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

০৩। গার্ড ফাইল।